গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
ঢাকা বিভাগ, ঢাকা
সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নম্বর-০৫.৪১.৩০০০.০১৪.১১.০০৪.১৮-৬১(৫০)

২৭ চৈত্র ১৪২৫
তারিখ : --------------------
১০ এপ্রিল ২০১৯

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩/০৪/২০১৯ খ্রি. তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৬.১৬-২৮৯ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা এর নিম্নে উল্লিখিত শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত ঢাকা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা/ অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯,৩০০-২২,৪৯০/- গ্রেড-১৬ | ১৮ (আঠার) টি | ১. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>২. কম্পিউটার মুদ্রাক্ষর/টাইপে গতি ন্যূনতম বাংলায় প্রতি মিনিটে ২০ শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ২০ শব্দ হতে হবে। | শুধু মাত্র ঢাকা বিভাগের আওতাধীন ১৩টি জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

"শর্তাবলী"

১। প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম এ কার্যালয়ের সংস্থাপন শাখায় এবং www.dhakadiv.gov.bd পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পুরণ করতে হবে।

২। আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৩। সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।

৪। আগামী ৩০/০৪/২০১৯ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে অবশ্যই বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা এর বরাবর আবেদনপত্র ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা ত্রুটিযুক্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।

৫। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৬। আবেদনের সহিত আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবী ও দপ্তর উল্লিখিত সীল থাকতে হবে।

৭। ৩০/০৪/২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, এতিম ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৮। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার অনুকূলে প্রদত্ত সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে/দাখিল করতে হবে।

০৯। আবেদনের সংগে পরীক্ষার ফিস বাবদ ১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য মূল্যমানের ট্রেজারী চালান/বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক ট্রেজারী কোড নং- ১-০৭৪১-০০০০-২০৩১ এ জমা দিয়ে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করে বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকার অনুকূলে প্রেরণ করতে হবে।

১০। কোন নির্ধারিত কোটার বিপরীতে দরখাস্ত করলে তা দরখাস্তে উল্লেখ করতে হবে। দরখাস্তে বর্ণিত কোটার দালিলিক প্রমানাদির সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং বর্ণিত কোটার স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র/সনদপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে। অন্যথায় কোটার বিপরীতে আবেদন বিবেচনা করা হবে না।

১১। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১২। প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১৫/- (পনের) টাকার অব্যবহৃত ডাকটিকিট সহ ১০" বাই ৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

১৩। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৪। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোন শর্ত সংযোজন, বিয়োজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।

১৫। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৬। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত সরকারী সকল বিদ্যামান বিধি-বিধান ও শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা হবে। এছাড়া পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৭। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমানক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদর্শন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে এ মর্মে প্রমানক হিসাবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল সনদ প্রদর্শন করতে হবে।

১৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাক্ষরিত
( কে এম আলী আজম)
বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ, ঢাকা

স্মারক নম্বর-০৫.৪১.৩০০০.০১৪.১১.০০৪.১৮- ৬১(৫০)

তারিখ : ২৭ চৈত্র ১৪২৫
১০ এপ্রিল ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১ সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩ সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।
৪ উপ-মহা পুলিশ পরিদর্শক, ঢাকা অঞ্চল, ঢাকা।
৫ জেলা প্রশাসক, ------------------------------------ (সকল), ঢাকা বিভাগ।
৬ পুলিশ সুপার, ------------------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৭ প্রধান নির্বাহী কর্মকর্তা ------------------------------- (সকল), ঢাকা বিভাগ।
৮ উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৯ উপজেলা নির্বাহী অফিসার ---------------------------- (সকল), ঢাকা বিভাগ।
১০ সহকারী কমিশনার (ভূমি), --------------------------- (সকল), ঢাকা বিভাগ।
১১ সহকারী কমিশনার (আইসিটি), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
(ওয়েব সাইট/নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
১১ সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক।
১২ সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন।

তাঁকে উল্লিখিত বিজ্ঞাপনটি আগামী ০২ (দুই) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ০১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০৩ (তিন) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১০/৪/১৯

( শেখ শামছুল আরেফীন)
বিভাগীয় কমিশনারের একান্ত সচিব
ও
সচিব
বিভাগীয় নির্বাচনী বোর্ড, ঢাকা

## চাকরির আবেদন ফরম

বরাবর
বিভাগীয় কমিশনার
ঢাকা বিভাগ
ঢাকা।

| ৫x৫ সে.মি ছবি ( সম্প্রতি তোলা, ০৩ কপি) |
|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম ঃ | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নম্বর ঃ | | | তারিখ ঃ | |
| ৩ | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) ঃ | | | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর ঃ | | | | ( যে কোন একটি ) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | |
| ৫ | জন্ম তারিখঃ | | | ৬. জন্মস্থান ( জেলা) ঃ | |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন | |
| ৮ | মাতার নাম ঃ | | | | |
| ৯ | পিতার নাম ঃ | | | | |
| ১০ | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক ( নাম/নম্বর) ঃ | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | | | |
| | ডাকঘর ঃ | | | | |
| | পোষ্টকোড নম্বর ঃ | | | | |
| | উপজেলা ঃ | | | | |
| | জেলা ঃ | | | | |
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল ( যদি থাকে) | | |
| ১২ | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডার ঃ | | |
| ১৪ | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ | | |

১৬ শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণী/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯ | কোটা (টিক দিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন)ঃ |
| ২০ | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ঃ | | তারিখ ঃ | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমানিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ

প্রার্থীর স্বাক্ষর